সকাল শুরু করে আল্লাহর নাম নিয়েই চাঁদাবাজি: নাসীরুদ্দীন পাটওয়ারী



এনসিপি নেতা নাসীরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারী অভিযোগ করেছেন, ঢাকা–৮ আসনে এমন প্রভাবশালী একটি চক্র সক্রিয় আছে, যারা প্রতিদিন ধর্মের কথা বলেও অনৈতিক কর্মকাণ্ডে জড়ায়। তিনি বলেন, শক্তিশালী যেই হোক, আইনের আওতায় এনে এই সংস্কৃতির অবসান ঘটানো হবে।

শনিবার (৩১ জানুয়ারি) সকালে নির্বাচনী প্রচারণাকালে সাংবাদিকদের সঙ্গে আলাপে তিনি এসব কথা বলেন। পাটওয়ারীর ভাষ্য, এলাকায় দীর্ঘদিন ধরে কিছু ব্যক্তি গ্যাংস্টারদের মতো আচরণ করছে এবং তরুণদের প্রতি ন্যূনতম সম্মান দেখায় না। তার দাবি, এই পরিস্থিতি সমাজকে অরাজকতার দিকে ঠেলে দিয়েছে।

তিনি ভোটারদের উদ্দেশে বলেন, ভোটই হতে পারে এই অবস্থা থেকে বেরিয়ে আসার পথ। আগামী ১২ তারিখের ভোটের মাধ্যমে মানুষ যেন সন্ত্রাস, বেয়াদবি ও ভয়ভীতির রাজনীতি থেকে মুক্তির সিদ্ধান্ত নেয়।

নিজের নির্বাচনী অঙ্গীকার তুলে ধরে পাটওয়ারী জানান, ঢাকা–৮ এ শিক্ষা ও স্বাস্থ্যসেবার উন্নয়ন, ড্রেনেজ সমস্যার সমাধান, কাঁচাবাজারের সংকট নিরসন, চাঁদাবাজি ও সন্ত্রাস বন্ধ এবং শহীদ ওসমান হাদির বিচারের বিষয়টি তার অগ্রাধিকার তালিকায় থাকবে। পাশাপাশি মাদকমুক্ত ও দখলদারিত্বমুক্ত সমাজ গড়ার প্রতিশ্রুতিও দেন তিনি। নারীদের নিরাপত্তা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং শিক্ষাপ্রতিষ্ঠানে দখল বাণিজ্য বন্ধের কথাও উল্লেখ করেন এই প্রার্থী।